



Series G7DEF

Set – 4



প্রশ্নপত্র কোড  
Q.P. Code

07

রোল নং  
Roll No.

|  |  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|--|
|  |  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|--|

প্রার্থীরা উত্তরপত্রের আখ্যাপত্রে অবশ্যই  
প্রশ্নপত্র কোড লিখবে।

Candidates must write the Q.P. Code  
on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে 15 ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে 16 টি প্রশ্ন আছে।
- প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার যথাস্থানে প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে।
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।
- Please check that this question paper contains 15 printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 16 questions.
- **Please write down the serial number of the question in the answer-book at the given place before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.



বাংলা  
BENGALI



সময়: 3 ঘন্টা

Time allowed : 3 hours

সর্বমোট অঙ্ক: 80

Maximum Marks : 80

07

5025

\* Page 1 of 16 \*

P.T.O.



## General Instructions :

### সাধারণ নির্দেশ :

1. The question paper contains **15** printed pages.  
প্রশ্নপত্রে ১৫টি মুদ্রিত পৃষ্ঠা আছে।
2. The question paper contains **16** questions.  
প্রশ্নপত্রে ১৬টি প্রশ্ন আছে।
3. The question paper is divided into **two** parts.  
প্রশ্নপত্রটি দুটি ভাগে বিভক্ত।

**PART – I** : Objective type questions (MCQ) : **25 Marks**

**ভাগ – I** : নৈর্ব্যক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক) : **২৫ নম্বর**

**PART – II** : Descriptive type question : **55 Marks**

**ভাগ – II** : বর্ণনামূলক প্রশ্ন : **৫৫ নম্বর**

4. **PART – I** has **three** sections :

**ভাগ – I-এ তিনটি বিভাগ :**

**Section – A** : Reading (Unseen Comprehension) : **12 Marks**

**বিভাগ – A** : পঠন (অপাঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ) : **১২ নম্বর**

**Section – B** : Grammar : **03 Marks**

**বিভাগ – B** : ব্যাকরণ : **০৩ নম্বর**

**Section – C** : Main Course Book & Supplementary Reader: **10 Marks**

**বিভাগ – C** : মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ : **১০ নম্বর**

5. **PART – II** has **three** sections :

**ভাগ – II -এ তিনটি বিভাগ :**

**Section – B** : Grammar : **10 Marks**

**বিভাগ – B** : ব্যাকরণ : **১০ নম্বর**

**Section – C** : Main Course Book : **33 Marks**

**বিভাগ – C** : মূল পাঠ্য পুস্তক : **৩৩ নম্বর**

**Section – D** : Creative Writing : **12 Marks**

**বিভাগ – D** : সৃজনাত্মক লিখন : **১২ নম্বর**



ভাগ – I : নৈর্ব্যক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক প্রশ্ন)

PART – I : Objective Type Questions (MCQ)

(25 Marks)

বিভাগ – A (পঠন)

Section – A (READING)

(অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ)

(Unseen Comprehension)

1. নীচের তিনটি গদ্যাংশ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো।

- (A) অতীতের জিনিসগুলো এঁরা বিক্রি করতে চান না। দু'খানা ঘর জুড়ে দীর্ঘদিন ধরে অবহেলিত হয়ে পড়ে রয়েছে। ধুলো-ময়লায় বিবর্ণ। উই-ইঁদুর-আরশোলা-কাঁকড়াবিছের নিরাপদ আশ্রয়স্থল। সাধারণত ঘরের দরজা-জানলাগুলোও সব দিন খোলা হয় না। 4×1  
= 4

নকুল যে হঠাৎ কোনোদিন দরজা-জানলা খুলে অল্পক্ষণের জন্যে সেখানে চোখ বুলিয়ে আসে, সেটা তার কর্তব্যকর্মের চেয়ে দেখার কৌতুহলটাই বেশি। অল্পবয়সে মা-বাপকে হারিয়ে গ্রামের একটি মানুষের সহায়তায় অসহায় দুঃস্থ নকুল শহরে এসে দূরসম্পর্কের আত্মীয় ধনী ব্যবসায়ী দত্তবাড়িতে আশ্রয় পেয়েছিল। নকুলকে ইস্কুলে পড়াশোনা করার সুযোগও করে দিয়েছিলেন তাঁরা। নকুল অন্তত ম্যাট্রিকটা পাশ করতে পারলে তাঁরা খুশি হতেন। কিন্তু নকুল এমনি গাধা, ইস্কুলের ওপর ক্লাস পর্যন্ত খুঁড়িয়ে খুঁড়িয়ে গিয়ে শেষে একেবারে হুমড়ি খেয়ে পড়েছিল। নিজেকে সে তাই মাঝে-মধ্যে গাধা ছাড়া আর কিছু ভাবতে পারে না। এখন তো সে দত্তপরিবারেরই একজন। বাড়ির ছোটবড় সকলের নকুলদা।

নকুলকে একদিন হঠাৎ নির্দেশ দেওয়া হলো, ওই বিশেষ ঘর দু'খানা চটপট পরিষ্কার করে ফেলতে হবে। তো যে পরিমাণ ধুলো আবর্জনা দীর্ঘদিন ধরে ওখানে জমে পাহাড় হয়ে রয়েছে, নকুলের একার সাধ্য কী অল্প সময়ের মধ্যে সেসমস্ত ঝেড়েমুছে সাফ করে ফেলার। অগত্যা বাইরে থেকেও দু'জন কাজের লোককে ডেকে আনতে হয়েছিল। নকুল তো মনেপ্রাণে পরিষ্কার-পরিচ্ছন্ন দেখতেই চেয়েছে ওই ঘর দু'টিকে! এখন বাড়ির সকলের সুমতি হয়েছে দেখে সে যেন আনন্দে আত্মহারা! তবে মনের মধ্যে একটা কৌতুহল তাকে অবশ্যই সুড়সুড়ি দিচ্ছিল। হঠাৎ ওই রকম একটা সদৃশ্যের পেছনে আসল উদ্দেশ্যটা কী?



সেটা জানার জন্য নকুলকে বেশি অপেক্ষা করতে হয়নি। তিন দিন বাদে বড়বাবুর নাতি হীরকের জন্মদিন। ওই উপলক্ষে বড়বাবুর বন্ধুরা একটা বিশেষ প্রোগ্রাম ঠিক করেছেন। তাতে অবশ্য আত্মীয়স্বজনরাও সহযোগিতার হাত বাড়িয়ে দিতে প্রস্তুত। প্রায় সকলেই শহরের গণ্যমান্য এবং ধনী অবস্থাপন্ন ব্যক্তি। নানা প্রকার দুস্প্রাপ্য প্রাচীন কিছু না কিছু শিল্পসামগ্রী তাঁদের প্রায় প্রত্যেকের সংগ্রহে রয়েছে। তা থেকে কোনো কোনো জিনিস বাছাই করে একটা প্রদর্শনীর আয়োজন করা হবে বাড়িতে। একমাত্র উদ্দেশ্য আমন্ত্রিত ব্যক্তিদের কিছু পরিমাণ আনন্দ বিতরণ করা। তা সত্ত্বেও নকুলের মনে হয়েছিল, বড়লোক মানুষদের এটা শুধু খামখেয়ালীপনাই নয়, নিজেদের ভেতর একটু জাঁকজমক দেখানোর প্রতিদ্বন্দ্বিতাও বটে!

(I) নকুল নিজেকে গাধা ভাবত কেন ?

- (A) কারণ মাঝে মাঝে সে সেই অন্ধকার নোংরা ঘরটিকে দেখতে যেত।
- (B) সে কেনো মতে ম্যাট্রিক পাশ করেছিল।
- (C) সে কোনো মতে উটু ক্লাশ পর্যন্ত পৌঁছিয়েও ম্যাট্রিক পাশ করতে পারে নি।
- (D) দত্তবাড়ির লোকেরা নকুলকে স্কুলে, পড়ার সুযোগ করে দিলেও সেই সুযোগ সে গ্রহণ করে নি।

(II) নকুলকে ঘরদুটি পরিষ্কার করার নির্দেশ দেওয়া হল। কারণ —

কারণ (ক) : ঘর দুটিতে বড়বাবুর নাতি হীরকের জন্মদিন পালন করা হবে।

কারণ (খ) : ঘরদুটিতে শহরে সম্ভ্রান্ত পরিবারের সংগৃহীত দুস্প্রাপ্য প্রাচীন শিল্প সামগ্রীর প্রদর্শনী করা হবে।

প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

- (A) কারণ (ক) ঠিক, কারণ (খ) ভুল।
- (B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।
- (C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।
- (D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

(III) দত্তদের বাড়ির সঙ্গে নকুলের কীরূপ সম্পর্ক ছিল ?

- (A) গভীর আত্মীয়তার সম্পর্ক
- (B) পিতার বন্ধুসূত্রে সম্পর্ক
- (C) প্রতিবেশীর সম্পর্ক
- (D) দূর আত্মীয়তার সম্পর্ক

(IV) ‘বিবর্ণ’ শব্দটির অর্থ কী ?

- (A) রঙহীন
- (B) রঙীন
- (C) অগোছালো
- (D) ছড়ানো ছিটানো



(B) রবিকাকা একদিন বললেন, রাখিবন্ধন উৎসব করতে হবে আমাদের, সবার হাতে রাখি পরাতে হবে। উৎসবের মন্ত্র, অনুষ্ঠান সব করতে হবে, তখন তো তোমাদের মতো আমাদের আর বিধুশেখর শাস্ত্রীমশায় ছিলেন না ক্ষিতিমোহনবাবুও ছিলেন না, একটা কিছু হলেই মন্ত্র বাতলে দেবার। কী করি, থাকবার মধ্যে ছিলেন ক্ষেত্রমাহন কথকঠাকুর, রোজ কথকতা করতেন আমাদের বাড়ি, কালো মোটাসোটা তিল ভান্ডেশ্বরের মতো চেহারা। তাঁকে গিয়ে ধরলুম রাখিবন্ধন উৎসবের একটা অনুষ্ঠান বাতলে দিতে। তিনি খুব খুশি ও উৎসাহী হয়ে উঠলেন, বললেন, এ আমি পাঁজিতে তুলে দেব, পাঁজির লোকদের সঙ্গে আমার জানাশোনা আছে, এই রাখি-বন্ধন উৎসব পাঁজিতে থেকে যাবে।

4×1  
= 4

ঠিক হল সকালবেলা সবাই গঙ্গায় স্নান করে সবার হাতে রাখি পরাব। সামনেই জগন্নাথ ঘাট, রওনা হলুম সবাই গঙ্গাস্নানের উদ্দেশে। রাস্তার দুধারে বাড়ির ছাদ থেকে আরম্ভ করে ফুটপাথ অবধি লোক দাঁড়িয়ে গেছে মেয়েরা খেঁ ছড়াচ্ছে, শাঁখ বাজাচ্ছে, মহা ধুমধাম - যেন একটা শোভাযাত্রা। দিনুও সঙ্গে ছিল, গান গাইতে গাইতে রাস্তা দিয়ে মিছিল চলল -

বাংলার মাটি বাংলার জল

বাংলার বায়ু বাংলার ফল

পুণ্য হউক পুণ্য হউক পুণ্য হউক হে ভগবান।

এই গানটি সে সময়েই তৈরি হয়েছিল। ঘাটে সকালে লোকে লোকারণ্য, রবিকাকাকে দেখবার জন্য চারিদিকে ভিড় জমে গেল। স্নান সারা হল - সঙ্গে নেওয়া হয়েছিল একগাদা রাখি, সবাই এ ওর হাতে রাখি পরালুম। ছেলেমেয়ে যাকে পাওয়া যাচ্ছে কেউ বাদ পড়ছে না, সবাইকে রাখি পরানো হচ্ছে। পাথুরেঘাটা দিয়ে আসছি, দেখি বীরু মল্লিকের আস্তাবলে কতকগুলি সহিস ঘোড়া মলছে, হঠাৎ রবিকাকা ধাঁ করে বেঁকে গিয়ে ওদের হাতে রাখি পরিয়ে দিলেন। ভাবলুম রবিকাকা করলেন কী, মুসলমানকে রাখি পরালেন, এইবার একটা মারপিট হবে। মারপিট হবে আর কী। রাখি পরিয়ে আবার কোলাকুলি। সহিসগুলো তো হতভম্ব, কাণ্ড দেখে।



(I) রাখি বন্ধন উৎসব কে পাঁজিতে নথিভুক্ত করেছিল ?

- (A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) ক্ষিতিমোহন বাবু  
(C) ক্ষেত্রমোহন কথক ঠাকুর (D) বিধুশেখর শাস্ত্রী

(II) প্রদত্ত বিবৃতি দুটি পড়ো :

বিবৃতি (১) : রবিকাকা আস্তাবলের সহিসদের রাখি বাঁধলেন

বিবৃতি (২) : রবিকাকা সহিসগুলোর সঙ্গে কোলাকুলিও করলেন।

প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো।

- (A) বিবৃতি (১) ঠিক, বিবৃতি (২) ভুল।  
(B) বিবৃতি (১) ভুল, বিবৃতি (২) ঠিক।  
(C) বিবৃতি (১) এবং (২) দুটোই ঠিক।  
(D) বিবৃতি (১) এবং (২) দুটোই ভুল।

(III) শোভাযাত্রায় কী করতে দেখা যায়নি ?

- (A) খৈ ছড়াতে (B) বাজি পোড়াতে  
(C) শাঁখ বাজাতে (D) গান গাইতে

(IV) 'জগন্নাথ' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে –

- (A) জগন + নাথ (B) জগঃ + নাথ  
(C) জগৎ + নাথ (D) জগ + ন্নাথ



(C)

ছেলেবেলায় বাবামশায়ের শখের বাগানে কেউ আমরা ঢুকতে পেতুম না, ভাগবত মালীর দাপটে। আমরা ছেলেরা কজন মিলে একপাশে নিজেদের বাগান বানিয়ে নিয়েছিলুম। ছোট বাগানটি, বাবামশায়ের দেখাদেখি একটা জায়গায় ইট-পাথর জড়ো করে এখানে ওখানে ঘাসের চাপড়া বসিয়ে পাহাড়ের অনুকরণ ক'রে, মাঝে মাটি খুঁড়ে, একটা গোল মাটির গামলা বসিয়ে তাতে জল ভ'রে, টিনের হাঁস, মাছ ছেড়ে চুম্বককাটি দিয়ে টানি-সেই হল আমাদের গোলপুকুর। বিকেলে ইস্কুল থেকে সব ছেলে ফিরে এলে তখন আবার সবাই একসঙ্গে হয়ে খেলাধুলো করি। সারাদিন একলা থাকার পর ওই সময়টুকু বড়ো আনন্দে কাটত আমার।

4×1  
= 4

বিকেল হতেই বাগানে বাবামশায়ের কুরসি ফরসি পড়ে। ভাগবত ফোয়ারা ছেড়ে দেয়; সত্যিকার হাঁস, মাছ ফোয়ারার জলে ভেসে বেড়ায়। বাবামশায় নীচে নেমে এসে বসেন বাগানে। পড়শি কালাচাঁদবাবু, মাথায় বুলবুলির ঝুঁটির মতো একটু চুল, বুকে একটি ফুল গুঁজে, গলায় চুনট-করা চাদর ঝুলিয়ে, বার্ণিশ-করা জুতো প'রে, ছিপছিপে ছড়ি ঘোরাতে ঘোরাতে হেলেদুলে আসেন বাগানের মজলিশে। ফি শনিবার আপিস ছুটির পর মতিলালবাবু চলে আসেন বাবামশায়ের কাছে। মাছ ধরার খুব ঝোঁক ছিল তাঁর। বাবামশায় বলতেন, “এই-যে লালমোতি এসেছ, ছিপটিপ্ ঠিক আছে তো?” লালমোতি বলেই ডাকতেন তাঁকে। ওদিককার বড়ো পুকুরে লালমোতি প্রায়ই মাছ ধরতেন। বাবামশায়ও বসে যেতেন মাছ ধরতে কোনো-কোনো দিন। ওই সেই পুরানো পুকুর, যার ওপারে প্রকাণ্ড বট গাছ-রবিকার ‘জীবনস্মৃতি’-তে আছে লেখা। ছেলেবেলায় যা ভয় পেতুম বটগাছটাকে! গল্প শুনতুম চাকর-দাসীর কাছে জটবুড়ি ব্রহ্মদত্তি কত কী আছে ওখানে।

(I) “মাছ ধরার খুব ঝোঁক ছিল তার” — এখানে কার কথা বলা হয়েছে?

- (A) বাবামশাই
- (B) মতিলাল বাবু
- (C) কালাচাঁদ বাবু
- (D) ভাগবত



(II) নীচের বিবৃতি দুটি পড়ো –

**বিবৃতি (১) :** বাবামশাইয়ের দেখাদেখি লেখক ছোট বাগানটিতে বাবামশাইয়ের মতো একটা জায়গায় ইট-পাথর জড়ো করে, মাঝে মাটি খুঁড়ে সেখানে জল ভরে তাতে সত্যিকারের হাঁস, মাছ ছেড়ে দিতেন।

**বিবৃতি (২) :** বাবামশাইয়ের দেখাদেখি লেখকরা কজন মিলে ছোট বাগানটিতে ইটপাথর জড়োকরে এখানে ওখানে ঘাসের চাপড়া বসিয়ে, মাঝে মাটি খুঁজে একটা গোল গামলায় জল ভরে তাতে টিনের হাঁস, মাছ দেড়ে চুম্বক দিয়ে টানতেন।

প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি নির্বাচন কর :

- (A) বিবৃতি (১) ঠিক, কিন্তু (২) ভুল।
- (B) বিবৃতি (১) ভুল, কিন্তু (২) ঠিক।
- (C) বিবৃতি (১) এবং (২) দুটোই ঠিক।
- (D) বিবৃতি (১) এবং (২) দুটোই ভুল।

(III) ভাগবত কে ?

- (A) মালী
- (B) চাকর
- (C) ড্রাইভার
- (D) পড়শি

(IV) ‘মজলিশ’ বলতে বোঝায় –

- (A) ক্লাব
- (B) সমিতি
- (C) বৈঠক
- (D) পার্ক



**বিভাগ – B**  
**Section – B**  
**(ব্যাকরণ)**  
**(Grammar)**  
**(MCQ)**

2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো : (যে কোনো তিনটি)  
(any three) 3 × 1 = 3

- (I) দেখলাম, রাস্তাগুলিতে রক্ত স্রোত বহিতে শুরু করল –  
– বাক্যটির সাধুভাষায় সঠিক রূপটি হবে –
- (A) দেখলাম, রাস্তাগুলিতে রক্তস্রোত বহিতে শুরু করিল ।  
(B) দেখিলাম, রাস্তাগুলিতে রক্তস্রোত বহিতে শুরু করিল ।  
(C) দেখিলাম, রাস্তাগুলিতে রক্তস্রোত বহিতে শুরু করল ।  
(D) দেখিলাম, রাস্তাগুলিতে রক্তস্রোত বহিতে শুরু করল ।
- (II) “আবার ওদের দৃষ্টি আচ্ছন্ন হয়ে আসতে লাগল” – সাধুভাষায় বাক্যটির রূপ হবে –
- (A) আবার ওদের দৃষ্টি আচ্ছন্ন হয়ে আসিতে লাগিল ।  
(B) আবার উহাদের দৃষ্টি আচ্ছন্ন হইয়া আসতে লাগল ।  
(C) পুণরায় উহাদের দৃষ্টি আচ্ছন্ন হইয়া আসিতে লাগিল ।  
(D) পুণরায় ওদের দৃষ্টি আচ্ছন্ন হয়ে আসিতে লাগিল ।
- (III) “ধূপ-দীপ-জ্বালিয়া, শঙ্খ-ঘন্টা বাজাইয়া, ষোড়শোপচারে তাহার পূজা হয় ।” – চলিত রীতিতে বাক্যটির রূপ হবে –
- (A) ধূপ-দীপ জ্বলে, শঙ্খ-ঘন্টা বাজিয়ে ষোড়শোপচারে তার পূজা হয় ।  
(B) ধূপ-দীপ জ্বালিয়া, শঙ্খ-ঘন্টা বাজিয়ে ষোড়শোপচারে তাহার পূজা হয় ।  
(C) ধূপ-দীপ জ্বলে, শঙ্খ-ঘন্টা বাজাইয়া ষোড়শোপচারে তাহার পূজা হয় ।  
(D) ধূপ-দীপ জ্বালিয়া, শঙ্খ-ঘন্টা বাজাইয়া ষোড়শোপচারে তার পূজা হয় ।



- (IV) তার স্ত্রী মালা তাকে বের হতে দেয়নি, – সাধুরীতিতে বাক্যটির রূপ হবে –
- (A) তাহার স্ত্রী মালা তাকে বের হইতে দেয় নাই।  
 (B) তার স্ত্রী মালা তাকে বাহির হতে দেয় নাই।  
 (C) তার স্ত্রী মালা তাকে বের হইতে দেয় নি।  
 (D) তাহার স্ত্রী মালা তাকে বাহির হইতে দেয় নাই।
- (V) নদীকে জিজ্ঞাসা করিতাম, “তুমি কোথা হইতে আসিতেছ ?” – চলিতভাষার সঠিক রূপটি হবে
- (A) নদীকে জিজ্ঞাসা করিতাম, “তুমি কোথা থেকে আসিতেছ ?”  
 (B) নদীকে জিজ্ঞাসা করিতাম, “তুমি কোথা থেকে আসিতেছ ?”  
 (C) নদীকে জিজ্ঞাসা করিতাম, “তুমি কোথা থেকে আসছ ?”  
 (D) নদীকে জিজ্ঞাসা করিতাম, “তুমি কোথা থেকে আসছ ?”

### বিভাগ – C

#### Section – C

(মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ / অননুপুঙ্খ পাঠ)

(Main Course Book & Supplementary Reader / Non-detailed Text)

(MCQ)

3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো।

(যে কোনো ছ'টি) (any six)

6 × 1 = 6

- (I) অবিনাশবাবুর বাড়ি থেকে আলোবাবুকে কে বিদায় করলেন ?
- (A) অবিনাশ বাবু (B) তিনু  
 (C) অবিনাশবাবুর স্ত্রী (D) লেখক
- (II) ‘প্রথম দিন’ গল্পটি কী বিষয় নিয়ে লেখা হয়েছিল ?
- (A) নিজের ভ্রমণ কাহিনী (B) নিজের অভিজ্ঞতা ও অনুভূতি  
 (C) গরমের দুটির আনন্দ (D) নিজের পছন্দের খেলা



(III) জগদীশবাবু বিরাগীকে টাকা দিচ্ছিলেন কেন ?

- (A) তীর্থ ভ্রমণের জন্য (B) পূজো আচার জন্য  
(C) দরিদ্র সেবার জন্য (D) মন্দির তৈরির জন্য

(IV) পাঠানের গল্প শোনার জন্য কারা ঘিরে দাঁড়াল ?

- (A) আশেপাশের মায়ের দল (B) এলাকার ছোট ছেলেছোকরার দল  
(C) গ্রামের জ্ঞানী - মনী লোকেরা (D) আশেপাশের গাঁয়ের লোক ।

(V) গ্রাম প্রধানের ঘোষণা অনুযায়ী কী হল ?

- (A) ইসাবের নাম অদল  
(B) অমৃতের নাম বদল  
(C) অমৃতের নাম অদল  
(D) অমৃত আর ইসাবের দুজনেরই নাম অদল-বদল

(VI) বাস স্ট্যান্ডের হরিদাকে কী রূপে দেখা গেছিল ?

- (A) বাইজি (B) পুলিশ  
(C) পাগল (D) সন্ন্যাসী

(VII) লেখক আলোবাবুকে প্রথম কোথায় দেখেছিলেন ?

- (A) হাসপাতালে (B) নিজের বাড়িতে  
(C) অবিনাশবাবুর বাড়িতে (D) রাস্তায়

(VIII) “রত্নের মূল্য জহুরির কাছে” – এখানে জহুরি বলতে কাকে বোঝানো হয়েছে ?

- (A) তপন (B) তপনের মা  
(C) ছোটমাসি (D) লেখক মেসো

4. গল্পগুচ্ছ (পাঠ্য সংস্করণ) থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করো । যে-  
কোনো চারটি (any four) । 4 × 1 = 4

(I) শশিভূষণের জমিদারী নিলামে ওঠার জন্য কাকে রাখামুকুন্দ দায়ী মনে করেন ?

- (A) শশিভূষণকে (B) নিজেকে  
(C) ব্রহ্মসুন্দরীকে (D) রাসমণিকে



(II) পোস্টমাস্টার গ্রাম ছাড়ার সিদ্ধান্ত নেন, কারণ –

- (A) রতনের সাথে তাঁর মনোমালিন্য হয়েছিলো ।
- (B) তাকে নিজে রুটি বানিয়ে খেতে হচ্ছিল ।
- (C) অসুস্থ হয়ে পড়ায় তার আর গ্রামে থাকতে ভালো লাগছিল না ।
- (D) তিনি আবেদন করায় চাকরি থেকে তাঁর বদলি হয়ে গেল ।

(III) রাধামুকুন্দ শশিভূষণকে গহনা বন্ধক রাখতে দেননি, কারণ

**কারণ (১) :** শশিভূষণ আগে থেকেই অর্থ জোগাড় করে রেখেছিলেন ।

**কারণ (২) :** ব্রহ্মসুন্দরী নিজের গহনা দিতে রাজি ছিলেন না ।

প্রদত্ত বিকল্প থেকে সঠিক উত্তর বেছে লেখ :

- (A) কারণ (১) ঠিক, কিন্তু কারণ (২) ভুল ।
- (B) কারণ (১) ভুল, কিন্তু কারণ (২) ঠিক ।
- (C) কারণ (১) এবং (২) দুটোই ভুল ।
- (D) কারণ (১) এবং (২) দুটোই ঠিক ।

(IV) রহমতের গ্রেপ্তারের কারণ কী ছিল ?

- (A) শিশু চুরি
- (B) মারামারি
- (C) ছুরি মেরে প্রতিবেশীকে জখম করা
- (D) মিনিকে ধরতে চেষ্টা করা ।

(V) “দেখিয়া আমার চোখ ছল ছল করিয়া আসিল” – লেখকের এরূপ অনুভূতির কারণ

**কারণ (১) :** তিনি বুঝতে পারলেন গরীব হলেও কাবুলিওয়ালার হৃদয়ে তারই মতো পিতৃস্নেহ রয়েছে ।

**কারণ (২) :** তিনি বুঝলেন বিয়ের পর স্বশুরবাড়ি গিয়ে কন্যা মিনি পর হয়ে যাবে ।

প্রদত্ত বিকল্প থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

- (A) কারণ (১) ঠিক, কিন্তু (২) ভুল ।
- (B) কারণ (১) ভুল, কিন্তু (২) ঠিক ।
- (C) কারণ (১) এবং (২) দুটোই ঠিক ।
- (D) কারণ (১) এবং (২) দুটোই ভুল ।

(VI) প্রথম চাকরি সূত্রে গ্রামে গিয়ে পোস্টমাস্টার কীভাবে সময় কাটাতেন ?

- (A) কবিতা লিখে ।
- (B) গ্রামের লোকের সঙ্গে আড্ডামেরে ।
- (C) আপিসের অন্ধকারে বসে কাজ করে যেত ।
- (D) কর্মচারীদের সাথে মেলা মেশা করে



ভাগ – II : বর্ণনামূলক প্রশ্ন

PART – II : Descriptive Type Question

(55 Marks)

বিভাগ – B : ব্যাকরণ (বিষয়গত)

Section – B : Grammar (Subjective)

5. (A) সন্ধি-বিচ্ছেদ করো। যে কোনো দুটি (any two)। 2 × 1 = 2  
রাজ্ঞী, শান্ত, পূণরুদ্ধার, আবির্ভাব, ষন্মাস
- (B) সন্ধিবদ্ধ পদটি লেখ। যে কোনো দুটি (any two)। 2 × 1 = 2  
উৎ + স্থান; বাক্ + জাল; মনঃ + রঞ্জন; ভাঃ + কর
6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো। যে-কোনো তিনটি (any three)। 3 × 1 = 3
- (I) দেবতাকে পলান্ন নিবেদন কর।  
(II) হেডমাস্টারের জলদ গন্তীর স্বরে সবাই ভয় পেয়ে গেল।  
(III) আমরা প্রতিমাসে অনাথ আশ্রমে যাই।  
(IV) বেচাকেনা সেরে সে হাট থেকে ফিরল।  
(V) যথাবিধি অনুসারে বিবাহকার্য সম্পন্ন হইল।
7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো। যে-কোনো তিনটি (any three)। 3 × 1 = 3
- (I) পড়ে গিয়ে ছেলেটির হাত-পা ভেঙেছে। (যৌগিক বাক্য)  
(II) ভয় পেলে ঈশ্বরকে স্মরণ করো। (জটিল বাক্য)  
(III) বাবাও কাঁদে এবং মেয়েও কাঁদে। (সরল বাক্য)  
(IV) আমি দোষ করেছি, এবং ক্ষমা চাইছি (সরল বাক্য)  
(V) তুমি বসো, তার পর বলব। (জটিল বাক্য)



বিভাগ – C  
Section – C

(মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ/অননুপুঙ্খ পাঠ)  
(Main Course Book & Supplementary Reader / Non-detailed Text)

8. “.... এটা খুব ভালো। ওর হবে।” – কীসের ব্যাপারে বলা হয়েছে? কোনটি খুব ভালো?  $1 \times 2 = 2$
9. (a) “শহরে যারা নতুন এসেছে, তারা দুই চোখ বড় করে তাকিয়ে থাকে” – কার দিকে কেন তাকিয়ে থাকে? 3  
(b) “ভয়ে অমৃতের বুক টিপটিপ করছিল।” – কখন কীসের ভয়ে বুক টিপটিপ করছিল? 3
10. “অবশেষে আমিই আশ্রয় দিলাম আলোবাবুকে” 2 + 3 = 5  
(a) কে আলোবাবুকে অবশেষে আশ্রয় দিলেন এবং কখন?  
(b) আশ্রয় দেওয়ার পর বক্তা কী জানতে পারলেন আলোবাবু সম্পর্কে?
- অথবা/OR**
- “হরিদার উনানের হাঁড়িতে অনেক সময় শুধু জল ফোটে, ভাত ফোটে না” –  
(a) উক্তিটির অর্থ কী?  
(b) হরিদার এই অবস্থান কারণ কী?
11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো : 1 × 5 = 5  
(a) “আমাদের ডান পাশে ধবস  
আমাদের বাঁয়ে গিরিখাদ....।”  
**অথবা/OR**  
(b) “আমি এখন হাজার হাতে পায়ে  
এগিয়ে আসি, উঠে দাঁড়াই...।”
12. “শক্ত সবুজ গাঁ ভেসেছে তিনপাহাড়ের কোলে” – 2 + 3 = 5  
(a) “শক্ত সবুজ গাঁ” বলতে কী বুঝিয়েছেন কবি?  
(b) এই কবিতায় উক্তিটিতে উল্লেখিত গ্রামটি দেখার অভিজ্ঞতা বর্ণনা কর।  
**অথবা/OR**  
“দেখো, জপমালা হাতে / তোমার মা আর আমার আন্মা” –  
(a) তোমার মা আর আমার আন্মার মধ্যে কবি কী দেখতে পেয়েছেন?  
(b) তাদের দুজনকেই একই আবেদনে তুলে ধরার তাৎপর্য বিশ্লেষণ করো।



13. “অনেকক্ষণ আর কেহ কোনো কথা কহিল না” —

2 + 3 = 5

- (a) কখন, কারা আর কথা কইল না ?
- (b) এই নিস্তব্ধতার কারণ ব্যাখ্যা কর।

14. “যেন সেই সুকোমল ক্ষুদ্র শিশুটুকুর স্পর্শখানি তাহার বিরাট বিরহী বক্ষের মধ্যে সুধাসঞ্চয় করিয়া রাখে” —

2 + 3 = 5

- (a) ‘ক্ষুদ্র শিশু’ এবং ‘তাহার’ বলতে কার কথা বলা হয়েছে ?
- (b) শিশুটির স্পর্শ কীভাবে তার হৃদয়ের পাশাপাশি থাকে তা বুঝিয়ে দাও।

অথবা/OR

“এককালে আমার ছিল, এখন আমার নহে” —

- (a) কে, কাকে একথা বলেছে ?
- (b) বক্তার কাছে কী ছিল এবং তার আর বর্তমানে সেটি নয় কেন ?

বিভাগ – D

Section – D

(সৃজনাত্মক লিখন)

(Creative Writing)

15. নিম্নলিখিত যে-কোনো একটি (any one) বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো।

6

- (I) যুদ্ধ নয়, শান্তি চাই।
- (II) জল বাঁচাও
- (III) বন মহোৎসব

16. নিম্নলিখিত বিষয় অবলম্বনে সম্পাদকের প্রতি পত্র রচনা করো। (শব্দ-সীমা অনধিক ১৫০)

6

- (a) গঙ্গাদূষণ সম্পর্কে সাধারণ মানুষ ও সরকারকে আরও অধিক সচেতন থাকার আবেদন জানিয়ে সম্পাদকের কাছে পত্র লেখা।

অথবা/OR

- (b) সময়মতো নর্দমা পরিষ্কার না হওয়ায় তোমার এলাকায় জল জমে গেছে যা থেকে বিদ্যুৎ সংক্রান্ত দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে — এই আশংকা জানিয়ে সম্পাদকের নিকট একটি পত্র লেখো।

\_\_\_\_\_

